236

দৈনিক ইত্তেফাক

তারিখ 18 APR 1998
পৃষ্ঠা ১ কলাম ৮

ঢাকা বিশ্ববিদ্যালয়

# স্বাস্থ্য সংক্রান্ত ৪টি নূতন বিভাগ খোলা হইবে

আনোয়ার আলদীন ॥ স্বাস্থ্য মন্ত্রণালয় ও বৃটেনের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাস্থ্য বিষয়ক চারটি নূতন বিভাগ খোলা হইতেছে। বাংলাদেশে সম্পূর্ণ নূতন এই বিষয়গুলি পর্যবেক্ষণের জন্য (১৫শ পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## নূতন বিভাগ

(প্রথম পৃঃ পর)

ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি শিক্ষক প্রতিনিধিদল বৃটেনের কয়েকটি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করিয়া আসিয়াছেন। চলতি বছর হইতে এই চারটি বিভাগের কার্যক্রম শুরু হইবে। বিভাগগুলি হইলঃ হেলথ ইকোনোমিকস (স্বাস্থ্য খাতের অর্থনীতি), এভিডেন্স বেইস ফার্মাকো থেরাপি (রোগীর নির্দিষ্ট ঔষধ ও চিকিৎসা), ম্যানেজমেন্ট সায়েন্সেস ফর হেলথ (স্বাস্থ্য ব্যবস্থাপনা বিজ্ঞান) ও পপুলেশন সায়েন্স (জনসংখ্যা বিজ্ঞান)।

দুইমাস পূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরী যুক্তরাজ্য সফরকালে নূতন এই বিষয় চারটি খোলার ব্যাপারে বৃটেনের ডিএফআইডি এর সহিত সকল কার্যক্রম চূড়ান্ত করিয়া আসেন।

প্রাথমিক পর্যায়ে উল্লেখিত চারটি বিষয়ে এক বছরের পোষ্ট গ্র্যাজুয়েশন কোর্স চালু করা হইবে। পরবর্তীতে অনার্স কোস চালু হইবে। পোষ্ট গ্র্যাজুয়েশন কোর্সে প্রতি বিষয়ে আপাতত ১০ জন করিয়া ৪০ জন ছাত্র-ছাত্রী লেখাপড়ার সুযোগ পাইবে।

ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরী জানান, এই চারটি নূতন বিষয় হইতে গ্র্যাজুয়েশন ডিগ্রী অর্জন করিয়া যে সকল গবেষক তৈরী হইবে, তাহারা দেশের স্বাস্থ্য ক্ষেত্রে বিশেষ অবদান রাখিতে পারিবে। ভিসি জানান, নূতন চারটি স্বাস্থ্য বিষয়ক বিভাগ হইতে যে সকল বিশেষজ্ঞ তৈরী হইবে, তাহারা কিভাবে কম খরচে অধিক স্বাস্থ্য সেবা পাওয়া যায়, তাহা নিয়া গবেষণা করিবে।